

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পুরুষদের জন্য সুবহানাল্লাহ্ পাঠ আর মহিলাদরে ক্ষেত্রে হয় হততালি।

باب مَا جَاءَ أَنَّ التَّسْبِيحَ لِلرِّجَالِ وَالتَّصنْفِيقَ لِلنِّسَاءِ

## আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "التَّسْبِيحُ لِلرِّجَالِ وَالتَّصْفِيقُ لِلنِّسَاءِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَسَهْلِ بْنِ سَعْدٍ وَجَابِرٍ وَأَبِي سَعِيدٍ وَابْنِ عُمَرَ. وَقَالَ عَلِيٌّ كُنْتُ إِذَا السَّتَأْذَنْتُ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ يُصَلِّي سَبَّحَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي السَّتَأْذَنْتُ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ يُصَلِّي سَبَّحَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ حَسَنُ صَحِيحٌ. وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ .

## বাংলা

৩৬৯. হারাদ (রহঃ) ..... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, পুরুষদের ক্ষেত্রে হল সুবহানাল্লাহ পাঠ আর মহিলাদের ক্ষেত্রে হল হাততালি দেওয়া। - ইবনু মাজাহ ১০৩৪-১০৩৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৬৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, সাহল ইবনু সা'দ, জাবির, আবূ সাঈদ এবং ইবনু উমর রাদিয়াল্লান্থ আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। আলী রাদিয়াল্লাহ্থ আনহু বলেন, রাসূল সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে প্রবেশের অনুমতি চাইতাম, তিনি তখন সালাতরত থাকলে সুবহানাল্লাহ পাঠ করতেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহ্থ আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ এতদনুসারেই আমল গ্রহণ করেছেন। ইমাম আহমদ ও ইসহাকও এই অভিমত ব্যক্ত করেছেন।

## **English**

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "The Tasbih is for the men and clapping is for the women."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

**𝚱** Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17558

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন